যুগান্তর

তারিখ ২৭ JAN 2003
পৃষ্ঠা ৭ কলাম ২

# জাবিতে ছাত্রদলের দু'গ্রুপে সংঘর্ষ : ৩ জন বহিষ্কার

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভাসানী হল শাখা ছাত্রদলের কর্মী সম্মেলনকে কেন্দ্র করে গত শনিবার গভীর রাতে দু'গ্রুপের সংঘর্ষে ৪ জন আহত হয়েছে। এ ঘটনায় ৩ জনকে সংগঠন থেকে সাময়িক বহিষ্কার ও ৪ জনকে শো-কজ করা হয়েছে।

জাবি প্রতিনিধি জানান, শনিবার রাতে দু'দফায় হলে সংঘর্ষ বাধে। হল শাখার নেতা শিমুলকে না জানিয়ে কর্মী সম্মেলন আয়োজন করায় রাত ১০টার দিকে প্রথম সংঘর্ষ হয়। সে দফায় সিনিয়র নেতৃবৃন্দের হস্তক্ষেপে বিষয়টি বেশিদূর গড়ায়নি। দ্বিতীয় দফায় রাত দেড়টার দিকে বিশ্ববিদ্যালয় শাখা সভাপতি পারভেজ মল্লিক ও সাধারণ সম্পাদক হারুনুর রশীদের গ্রুপের মধ্যে আবার সংঘর্ষ বাধে। এ সময় সাধারণ সম্পাদক গ্রুপের কর্মীদের হামলায় সভাপতি গ্রুপের পলাশ (বাংলা ২য় বর্ষ), রবি (সরকার ও রাজনীতি ২য় বর্ষ), সফিক (বাংলা ২য় বর্ষ) এবং শরিফুল (বাংলা ২য় বর্ষ) আহত হন।

এ ঘটনায় বিশ্ববিদ্যালয় শাখার নেতৃবৃন্দ অনিক (নাট্যতত্ত্ব ২য় বর্ষ), জাহিদ (নাট্যতত্ত্ব) ও শিমুলকে (সরকার ও রাজনীতি মাস্টার্স) সংগঠন থেকে সাময়িক বহিষ্কার এবং দুলু, জাহিদ, শফি ও স্বপ্নীলকে শো-কজ করা হয়েছে। সভাপতি ও সাধারণ সম্পাদক যথাক্রমে পারভেজ মল্লিক এবং হারুনুর রশিদ ঘটনার সত্যতা স্বীকার করেছেন।